দৈনিক সংবাদ

180

তারিখ 16 JUN 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

আজ ছাত্রদলের কাউন্সিল

# সভাপতি ও সাধারণ সম্পাদক পদে ৪ জন করে প্রার্থী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।

দীর্ঘ ৫ বছর পর আজ মঙ্গলবার জাতীয়তাবাদী ছাত্রদলের নয়া কমিটি নির্বাচনের লক্ষ্যে কাউন্সিল অনুষ্ঠিত হচ্ছে। সংগঠনের সারাদেশের ১৯৩ জন কাউন্সিলর প্রত্যক্ষ ভোটের মাধ্যমে এ কাউন্সিল অধিবেশনে নতুন কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক নির্বাচন করবেন। কেন্দ্রীয় কমিটির বাকি পদগুলো পরে মনোনয়নের মাধ্যমে পূরণ করা হবে। সভাপতি ও সাধারণ সম্পাদক পদে প্রার্থী রয়েছেন ৪ জন করে।

১৯৮৭ সালের প্রথমদিকে ছাত্রদলের সর্বশেষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

কাউন্সিল অধিবেশন উপলক্ষে গতকাল

ছাত্রদল : পৃঃ ১২ কঃ ৩

## ছাত্রদল : আজ কাউন্সিল

(১ম পাতার পর)

সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সভায় নতুন কমিটি নির্বাচনে প্রার্থীদের বয়স নিয়ে প্রচণ্ড বাক-বিতণ্ডার সৃষ্টি হয়।

এদিকে সংগঠনের নতুন নেতৃত্ব নির্বাচনে বয়সের দিকটি এ বছর তেমন গুরুত্ব পাচ্ছে না বলে জানা গেছে। গত ৩রা জুন এ ব্যাপারে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথে ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক বৈঠকে দক্ষ ও অভিজ্ঞ নেতৃত্ব নির্বাচনের লক্ষ্যে বয়সের দিকটি বিবেচনায় না রাখার প্রতি গুরুত্ব আরোপ করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদল নেতৃবৃন্দের উদ্দেশে বলেন, ছাত্রদলের মত সংগঠনের পক্ষে হুট করে অপেক্ষাকৃত তরুণদের নেতৃত্বে আনা সম্ভব নয়। এ ব্যাপারে ধীরে ধীরে অগ্রসর হতে হবে।

এবারের কাউন্সিলে বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা হচ্ছেন সভাপতি পদে ডাকসুর বর্তমান জিএস খায়রুল কবীর খোকন, ডাকসুর এজিএস নাজিম উদ্দিন আলম, রাকসুর ভিপি রিজভী আহমেদ এবং ফজলুল হক মিলন।

সাধারণ সম্পাদক পদে প্রার্থীরা হচ্ছেন ইলিয়াস আলী, হাবিবুল ইসলাম হাবিব, আবুল খায়ের ভুঁইয়া ও খন্দকার জাহাঙ্গীর আলম। সাংগঠনিক সম্পাদক পদে প্রার্থীরা হচ্ছেন কমরুজ্জামান রতন, রফিকুল ইসলাম জগলু, আঃ মালেক, শিরিন সুলতানা, এমদান খান ও পাপিয়া আশরাফী।